তারিখ ... 01 MAY 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

যুগান্তর

# পাবলিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষক কর্মবিরতি কাল

## রাবি শিক্ষক রেজাউল করিম হত্যার প্রতিবাদ

**রাজশাহী ব্যুরো ও রাবি প্রতিনিধি**

শিক্ষক হত্যার প্রতিবাদে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আন্দোলন গড়াল অষ্টম দিনে। কিন্তু হত্যাকারীদের এখনও শনাক্ত করতে পারেনি পুলিশ। ফলে নানা কর্মসূচিতে শনিবারও ক্যাম্পাস ছিল উত্তাল। শিক্ষক-শিক্ষার্থীদের আন্দোলনে অচল হয়ে পড়েছে দেশের দ্বিতীয় বৃহত্তম এ শিক্ষাপ্রতিষ্ঠান। এদিকে অধ্যাপক রেজাউল করিম হত্যার প্রতিবাদে আগামীকাল দেশের সব পাবলিক বিশ্ববিদ্যালয়ে কর্মবিরতির ডাক দিয়েছে বাংলাদেশ পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এএফএম রেজাউল করিম সিদ্দিকী হত্যার প্রতিবাদ ও বিচার দাবিতে আগামীকাল দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক কর্মবিরতি পালন করবে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন। এদিন সব ক্যাম্পাসে দুই ঘণ্টার অবস্থান কর্মসূচিও পালন করবে তারা। এ ছাড়া পরদিন মঙ্গলবার বিচার দাবিতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নেতারা রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এসে মহাসমাবেশে অংশ নেবেন। নৃশংস এ হত্যাকাণ্ডের পর থেকে টানা আট দিন শিক্ষক-শিক্ষার্থীদের আন্দোলনে উত্তাল রয়েছে মতিহার চত্বর। শিক্ষার্থীদের আন্দোলনে সংহতি জানিয়ে যুক্ত হচ্ছে বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক সংগঠন। এবার অন্য বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষকরা এ আন্দোলনে যোগ দেয়ায় অধ্যাপক হত্যার বিচার দাবির এ আন্দোলনে নতুন মাত্রা পাবে বলে মনে করছেন শিক্ষক-শিক্ষার্থীরা। শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মো. শাহ্ আজম যুগান্তরকে বলেন, 'আমরা ফেডারেশনের কাছে দাবি জানিয়েছিলাম। ফেডারেশন আমাদের আহ্বানে সাড়া দিয়েছে। দেশের বিভিন্ন প্রান্ত থেকে শিক্ষক নেতারা রাজশাহী বিশ্ববিদ্যালয় চত্বরে এসে কর্মসূচিতে যোগ দেবেন। আমাদের শিক্ষক-শিক্ষার্থীদের সঙ্গে সুর মিলিয়ে অধ্যাপক রেজাউল হত্যার বিচার দাবি করবেন। এটা সত্যিই দৃষ্টান্ত হয়ে থাকবে। আশা করি, এর মধ্য দিয়ে অধ্যাপক রেজাউল হত্যার তদন্ত ও বিচার নিশ্চিতে সরকার ও পুলিশ প্রশাসন সক্রিয় ভূমিকা রাখবে।' বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ যুগান্তরকে বলেন, 'একের পর এক হত্যাকাণ্ড হচ্ছে, অথচ সন্ত্রাসীদের কেউ ধরা পড়ছে না। খুনিরা যেন একেবারে অভয়ারণ্য পেয়ে গেছে। পুলিশ বড় বড় কথা বলে। এগুলো শুনে আমরা আর শান্ত থাকতে চাই না। তাই অধ্যাপক রেজাউল হত্যার বিচার দাবিতে আমিসহ ফেডারেশনের নেতারা রাজশাহীতে যাব। দ্রুত বিচারের দাবি জানাব।'

এদিকে রাজশাহী মহানগর পুলিশের মুখপাত্র সহকারী কমিশনার ইফতেখায়ের আলম যুগান্তরকে জানান, অধ্যাপক রেজাউল করিম হত্যা মামলার তেমন কোনো অগ্রগতি নেই। নতুন কাউকে গ্রেফতারেরও খবর নেই। তবে রিমান্ডে থাকা শিবির নেতা হাফিজুর রহমানের কাছেও তেমন কোনো গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া যায়নি বলে জানান তিনি।